দেশ হোক তেমন যুবরা চায় যেমন
যুব সম্মেলন ২০২৩
১৪ অক্টোবর ২০২৩, ঢাকা

# ১৪টি নির্বাচিত যুব চাহিদা ও প্রত্যাশা

নিম্নোক্ত ১৪টি নির্বাচিত যুব চাহিদা ও প্রত্যাশা *নাগরিক প্ল্যাটফর্মের* উদ্যোগে পরিচালিত যুব জরিপ এবং ফোকাস গ্রুপ ডিসকাশন এর মধ্যমে উঠে আশা মতামতের ভিত্তিতে সংশ্লেষিত এবং ইহার উল্লেখক্রম প্রাধিকার নির্দেশ করে না।

## ১/ যুব বেকারদের কর্মসংস্থানের লক্ষ্যে নিবন্ধন ব্যবস্থা চালু

বেসরকারী উদ্যোগে যুব বেকারদের জন্য কয়েক ধরণের নিবন্ধন ব্যবস্থা থাকলেও তা খুব বেশি কর্যকরী নয়। কেন্দ্রীয়ভাবে নিবন্ধনের ব্যবস্থা করে একটি তথ্য ভান্ডার বা ডাটাবেস তৈরি করতে হবে। এটি ব্যবহার করে খুব সহজেই নিয়োগকর্তা চাহিদা ও কাজের ধরণ অনুযায়ী কর্মী খুঁজতে পারবেন এবং নিয়োগপ্রার্থী তার দক্ষতা অনুযায়ী কাজ খুঁজতে পারবেন।

## ২/ যুব বেকার ভাতা প্রদান

যে সকল যুবরা বেকার এবং একই সাথে চাকরি খুঁজছে, কর্মসংস্থানের ব্যবস্থা না হওয়া পর্যন্ত তাদের নির্দিষ্ট পরিমাণে বেকার ভাতা প্রদান করতে হবে। আপৎকালীন সময়ে এই ভাতা জীবিকা নির্বাহে এবং চাকরির বাজারে তাদের টিকে থাকতে সহয়তা প্রদান করবে। এই ভাতা বাজারের মজুরী হারের থেকে বেশি হবে না। বেকার ভাতা ব্যবস্থাকে বেকার যুবদের নিবন্ধনের সাথে যুক্ত করা যেতে পারে।

## ৩/ সরকারি গ্যারান্টিতে যুবদের জন্য বিশেষ ক্রেডিট কার্ড প্রবর্তন

সরকারি গ্যারান্টিতে বিশেষ ক্রেডিট কার্ড প্রদানের মাধ্যমে যুবদের দীর্ঘ মেয়াদী ক্ষুদ্র ঋণের আওতায় নিয়ে আসার উদ্যোগ নিতে হবে। সর্বনিম্ন পাঁচ হাজার টাকা থেকে শুরু করে সর্ব্বোচ্চ ১ লক্ষ টাকা পর্যন্ত এই সুবিধা দেওয়া যেতে পারে। এই অর্থ শিক্ষার খরচ বহন করতে, কিস্তিতে যেকোন শিক্ষা উপকরণ কেনার কাজে বা পারিবারিক কোনো সংকটের সময় ব্যবহার করতে পারবে। এই বিশেষ ক্রেডিট কার্ডের মাধ্যমে মধ্যবিত্ত এবং সুবিধাবঞ্চিত যুবরা বিশেষভাবে উপকৃত হবে।

## ৪/ যুব উদ্যোক্তাদের জন্য স্বল্প সুদে ঋণের ব্যবস্থা

যুব উদ্যোক্তাদের, বিশেষ করে অতিমারীর প্রভাবে কর্মহীন হয়ে পড়া যুবদের সহজ শর্তে ও ঝামেলাহীন ভাবে ঋণ প্রদানসহ অন্যান্য সহায়তা প্রদান ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। আত্মকর্মসংস্থানের মাধ্যমে যুবরা যেন তাদের জীবনমানের উন্নতি করতে পারে তার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।

## ৫/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে সুবিধাবঞ্চিত যুবদের জন্য কোটা

বর্তমানে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার যে ব্যয় তাতে শুধুমাত্র একটি নির্দিষ্ট শ্রেনী/গোষ্ঠীর যুবরা এসকল বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পাচ্ছে এবং সমাজের একটি বিশাল (সুবিধাবঞ্চিত বিপন্ন পরিবারের) যুবগোষ্ঠী এ সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ফলে এসকল বিশ্ববিদ্যালয়ে একটি পৃথক গোষ্ঠী সৃষ্টি হচ্ছে, যা কিনা সমাজে বৈষম্য এবং বিভাজন বাড়িয়ে দিচ্ছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মুনাফার উদ্বৃত্ত দিয়ে অসুবিধাগ্রস্ত শিক্ষার্থীদের জন্য ব্যয়মুক্ত বিশেষ কোটার ব্যবস্থা করা যেতে পারে, যা কিনা এই বিভাজন অনেক অংশে কমিয়ে আনবে।

**৬/ কমিউনিটি হেলথ ক্লিনিকগুলোতে বয়ঃসন্ধিকালের স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করা**

তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদানের ওয়ান স্টপ সার্ভিস হিসেবে পরিচিত কমিউনিটি হেলথ ক্লিনিকগুলোতে বয়ঃসন্ধিকালের স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত করতে হবে। এ পরিষেবা লভ্যতা সম্বন্ধে প্রচার করতে হবে। এ পরিষেবার মাধ্যমে কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকালের বিভিন্ন বিষয়ে স্বাস্থ্যশিক্ষা দেওয়া যাবে এবং একইসাথে তাদের শারীরিক-মানসিক সুস্থতা নিশ্চিত করা যাবে।

**৭/ কর্মজীবী নারীদের শিশুদের জন্য ডে-কেয়ার সুবিধা**

এখনো সমাজের বেশিরভাগ মানুষেরই ধারণা- নারীরা পরিবার এবং শিশুর যত্নের জন্য এককভাবে দায়ী। পড়াশোনা শেষ করে নারীরা বিভিন্ন অর্থনৈতিক কাজের সাথে যুক্ত হলেও দেখা যায় গর্ভকালীন সময়ে বা বাচ্চা হওয়ার পর অধিকাংশ নারীই সন্তান লালন পালনের জন্য কাজ ছেড়ে দেয়। প্রাইভেট যে সকল ডে-কেয়ার ব্যবস্থা আছে তা অত্যন্ত ব্যয়বহুল এবং সেগুলো কতটা মনসম্মত বা কতটা নিরাপদ পরিবেশে শিশু সেখানে থাকছে তা নিয়ে প্রশ্ন আছে। তাই কর্মক্ষেত্রে নারীদের পিছিয়ে পড়া রোধ করতে কর্মজীবী নারীদের শিশুদের জন্য ডে-কেয়ার সুবিধা দিতে হবে, যেন তারা স্ব স্ব কর্মস্থলে নিশ্চিন্তে কাজ করতে পারে।

**৮/ শিক্ষাপ্রতিষ্ঠানে স্যানিটারি ন্যাপকিনের ভেন্ডিং মেশিন স্থাপন করা**

নারীর জন্য ঘরের বাইরে পিরিয়ড স্বাস্থ্যবিধি বজায় রাখার মূল বাধা সুলভ ন্যাপকিনের সহজলভ্যতা। শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে স্যানিটারি ন্যাপকিনের সহজলভ্যতা না থাকার কারণে দীর্ঘ সময় ন্যাপকিন ব্যবহারের ফলে পিরিয়ডজনিত স্বাস্থ্য ঝুঁকি বাড়তে থাকে। কিশোরী ও নারীদের স্বাস্থ্য ঝুঁকি কমানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানে স্যানিটারি ন্যাপকিনের ভেন্ডিং মেশিন স্থাপন করতে হবে।

**৯/ প্রতিটি উপজেলায় মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি নিরাময় সংক্রান্ত সাহায্য সেবা প্রদান করা**

তৃণমূল পর্যায়ের যুবদের মানসিক স্বাস্থ্যের উন্নয়ন এবং মাদকাসক্তির হাত থেকে রক্ষা করার জন্য প্রতিটি উপজেলায় মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি নিরাময় সংক্রান্ত সাহায্য সেবা প্রদান করতে হবে।

**১০/ সম্পত্তিতে ভাই-বোনের সমঅধিকার নিশ্চিত করা**

বাংলাদেশের বিভিন্ন প্রচলিত আইনে নারীরা সমধিকার পায় না। পিতামাতার সম্পত্তিতে ভাই-বোনের সমঅধিকার নিশ্চিত করতে হবে। এর ফলে, আইনি জটিলতা ও সহিংসতার মাত্রা কমবে এবং নাগরিক অধিকার নিশ্চিত করা যাবে।

**১১/ শ্রমিকদের জন্য মৌলিক জীবনযাত্রার খরচ মেটাতে সক্ষম এমন মজুরি প্রদান**

বর্তমান অর্থনৈতিক সংকট, দৈনন্দিন জিনিসপত্রের দামের ঊর্ধ্বগতিতে জনজীবন দুর্বিষহ হয়ে পড়েছে। সবচেয়ে বেশি অসুবিধার মধ্যে পড়েছে মধ্যবিত্ত, শ্রমজীবি এবং নিম্ন আয়ের পরিবার। এ সকল দিক বিবেচনায় শ্রমিকরা যাতে তাদের মৌলিক জীবনযাত্রার খরচ মেটাতে সক্ষম হতে পারে এমন মজুরি প্রদানের ব্যবস্থ্যা করতে হবে। গার্মেন্টস শ্রমিকদের জন্য মজুরী কমিশনের ন্যায্য সিদ্ধান্ত দ্রুত ঘোষণা করতে হবে।

দেশ হোক তেমন যুবরা চায় যেমন
যুব সম্মেলন ২০২৩
১৪ অক্টোবর ২০২৩, ঢাকা

**১২/ সংসদ নির্বাচনে রাজনৈতিক দলগুলোর প্রার্থী তালিকায় যুবদের অন্তর্ভুক্তি নিশ্চিত করা**

কেন্দ্রীয় পর্যায়ে যুব সমাজের মতামত তুলে ধরার যথাযথ প্ল্যাটফর্ম হিসেবে সংসদীয় নির্বাচনে রাজনৈতিক দলগুলোর প্রার্থী তালিকায় যুবদের জন্য বয়সভিত্তিক নির্দিষ্ট সংখ্যক কোটা রাখা যেতে পারে। এই কোটা পাঁচ থেকে দশ শতাংশ হতে পারে।

**১৩/ পড়াশোনা ও কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নির্দিষ্ট অনলাইন প্ল্যাটফর্ম এবং ইন্টারনেট এর সহজলভ্যতা**

বিআরটিসি-র আদেশ অনুযায়ী মিনি-ডাটা প্যাকেজ বন্ধ করে দেওয়া হচ্ছে। এই ডাটা প্যাকেজগুলো সহজলভ্য হয়ে থাকে বলে এগুলো শিক্ষার্থীরা বেশি ব্যবহার করে। এই ধরণের সরকারি সিদ্ধান্তের কারণে শিক্ষার্থীরা সহজে ও সাশ্রয়ীভাবে অনলাইন কোর্সগুলো করতে পারবে না। নির্বাচিত কিছু প্ল্যাটফর্মকে (যেমন: গুগল ক্লাসরুম, কোর্সেরা, ইউডেমি ইত্যাদি) শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করতে হবে এবং এগুলি ব্যবহারের জন্য ইন্টারনেট সহজলভ্য করতে হবে।

**১৪/ ডিজিটাল নিরাপত্তা আইনের মতো মত প্রকাশের স্বাধীনতা বিরোধী বিভিন্ন আইনী ও প্রশাসনিক ব্যবস্থা বাতিল করা**

যুবরা মহান স্বাধীনতা সংগ্রামের চেতনায় প্রণীত সংবিধানের আলোকে গণতান্ত্রিক মূল্যবোধের ও মৌলিক অধিকার চর্চার সুযোগ - বিশেষ করে মত প্রকাশের স্বাধীনতা ও সম্মিলিত হওয়ার অধিকার থেকে যাতে বঞ্চিত না হয়, তাদের বুদ্ধিবৃত্তিক বিকাশে যাতে বাধা সৃষ্টি না হয় সে জন্য ডিজিটাল নিরাপত্তা আইনের মতো মত প্রকাশের স্বাধীনতা বিরোধী বিভিন্ন আইনী ও প্রশাসনিক ব্যবস্থা বাতিল করতে হবে।

**আয়োজনে**

Citizen's Platform for SDGs, Bangladesh
এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

**সমর্থনে**

PLAN INTERNATIONAL

**সহযোগিতায়**

actionaid · HEKS EPER · Manusher Jonno Foundation · SOS Children's Villages Bangladesh · Transparency International Bangladesh · WaterAid

**জরিপ পরিচালনায়**

Bandhu · British Council · Dhrubotara Youth Development Foundation · educo · jaago foundation · Kapaeeng Foundation · নারীপক্ষ · The Hunger Project · WDDF · UNYSA Bangladesh · YES Bangladesh · Youth for Change · NSU YEF